



বালাগঞ্জ সরকারি দ্বারকানাথ উচ্চ বিদ্যালয়

ডাকঘর ও উপজেলা : বালাগঞ্জ, জেলা : সিলেট।

Email: balagonjdnhsschool@gmail.com. Web: www.baladngschool.edu.bd

বিজ্ঞপ্তি


এতদ্বারা বালাগঞ্জ সরকারি দ্বারকানাথ উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র ছাত্রীদেরকে জানানো যাইতেছে যে, বিগত নভেম্বর ২০২৫ খ্রি. এ অনুষ্ঠিত নির্বাচনি পরীক্ষার ফলাফল অনুযায়ী নিম্নবর্ণিত ছাত্র ছাত্রীদেরকে আসন্ন ২০২৬ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশ গ্রহণের জন্য নির্বাচিত করা হইল। যাহারা ২০২৬ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার জন্য নির্বাচিত হয়েছে তাদেরকে আগামী ০১/১২/২০২৫ হইতে ০৬/০১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে বোর্ডের ফিস, কেন্দ্র ফিসহ সকল বিষয়ের পরীক্ষার্থীদের বিজ্ঞান শাখার জন্য (নিয়মিত) ২৫২০/- টাকা এবং মানবিক শাখার জন্য (নিয়মিত) ২৪০০/- টাকা হারে ব্যাংকে জমাদানের রশিদ ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি বিদ্যালয়ের পরীক্ষা কমিটি/অফিসে জমা দিয়ে অনলাইন ফরম পূরণের নিমিত্ত তালিকাভুক্ত হইতে হইবে। এছাড়া ০১ থেকে ০৪ বিষয়ের পরীক্ষার্থীদেরকে বিগত ২০২৫ সনের পরীক্ষার মূল প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি অফিসে জমা দিতে হবে এবং ফি এর পরিমাণ বিদ্যালয়ের অফিস হইতে জানার জন্য নির্দেশ দেওয়া হইল। নিয়মিত ও অনিয়মিত (০১ থেকে ০৪ বিষয়ের) তালিকাভুক্ত পরীক্ষার্থীদের আগামী ০৮/০১/২০২৬ খ্রি. রোজ বৃহস্পতিবার বেলা ২:০০ ঘটিকার সময় প্রিন্ট আউট খসড়া কপি যাচাই করতঃ স্বাক্ষর করিতে হইবে। উল্লেখ্য যে, চূড়ান্ত প্রিন্ট আউট কপি কোন অবস্থাতেই সংশোধন করা যাইবে না। আগামী ১২/০১/২০২৬খ্রি. রোজ সোমবার বেলা ২:০০ ঘটিকার সময় চূড়ান্ত প্রিন্ট আউট কপিতে স্বাক্ষর করার জন্য পরীক্ষার্থীদেরকে নির্দেশ দেওয়া গেল।

বিঃ দ্রঃ নির্বাচিত সকল প্রকার পরীক্ষার্থীদের ফি ব্যাংকে জমাদানের নিমিত্ত ব্যাংকের নির্ধারিত রশিদ বিদ্যালয়ের অফিস হইতে সংগ্রহ করার জন্য নির্দেশ দেওয়া যাইতেছে এবং নির্বাচিত সকল প্রকার পরীক্ষার্থীদের আগামী ০৮/০১/২০২৬ খ্রি. বেলা ২:০০ ঘটিকা হইতে প্রতিদিন গ্রুপ কোচিং ক্লাস অনুষ্ঠিত হইবে। কোচিং ক্লাসে অবশ্যই উপস্থিত থাকিতে হইবে। স্থগিত পরীক্ষার্থীদের প্রকৃত অভিভাবকদেরকে পরীক্ষার্থীসহ আগামী ০১/০১/২০২৬ খ্রি. দুপুর ১২:০০ ঘটিকার সময় ফলাফল পর্যালোচনা সংক্রান্ত এক মতবিনিময় সভায় বিদ্যালয়ে উপস্থিত হয়ে প্রধান শিক্ষকের নিকট থেকে ফলাফল সংগ্রহ করার জন্য অনুরোধ করা গেল।

ব্যাংক হিসাবের নাম : বালাগঞ্জ সরকারি দ্বারকানাথ উচ্চ বিদ্যালয়

ব্যাংকের নাম ও শাখা : পূবালী ব্যাংক পিএলসি, বালাগঞ্জ শাখা

নিয়মিত	ফিসের বিবরণ	ব্যাংক হিসাব নম্বর	টাকার পরিমাণ
বিজ্ঞান	বোর্ড ফি ও কেন্দ্র ফি	৬১৩৪৩	২৫২০/-
মানবিক	বোর্ড ফি ও কেন্দ্র ফি		২৪০০/-


০১/১২/২০২৫
মোঃ সাহিদুল ইসলাম
জরাজীর্ণ প্রধান শিক্ষক (প্রশাসনিক)
মুন্সিগঞ্জ সরকারি প্রধান শিক্ষক
বালাগঞ্জ সরকারি দ্বারকানাথ উচ্চ বিদ্যালয়
বালাগঞ্জ, সিলেট।